

# উপজেলা পরিষদ

মহেশপুর, ঝিনাইদহ।

## ৫ম উপজেলা পরিষদের ২০তম সভার কার্যবিবরণী

সভাপতি : ময়জদ্দীন হামীদ, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর, ঝিনাইদহ।

তারিখ : ১৪/০৬/২০২১ খ্রিঃ, সময় : সকাল ১১-০০ ঘটিকা।

স্থান : উপজেলা পরিষদ সভা কক্ষ, মহেশপুর, ঝিনাইদহ।

০১। সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যবৃন্দ-পরিশিষ্ট-"ক"

সভায় উপস্থিত সকল সদস্যকে স্বাগত জানিয়ে সভাপতি সভা শুরু করেন। বিগত সভার কার্যবিবরণী সভায় পাঠ করা হয়। উক্ত কার্যবিবরণীর কোন সংশোধনী না থাকায় সর্বসম্মতিক্রমে উহা অনুমোদিত এবং দৃঢ়করণ করা হয়। এছাড়া নিম্নোক্ত আর্থিক, উন্নয়নমূলক, অপারেশনাল, সমন্বয় ও বিবিধ বিষয়াদি আলোচনান্তে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়।

বিষয়বস্তু	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
আর্থিক ০১। পরিষদের তহবিল সংক্রান্ত সকল বিষয় ;	উপজেলা পরিষদের নিম্নোক্ত বিল পরিশোধ করা হয়েছে। উহা অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়। ১। উপজেলা চেয়ারম্যান ও ভাইস চেয়ারম্যানদের এর জুন/২১ মাসের সম্মানি ভাতা পরিশোধ-৯৪০০০/- ২। জুন /২১ মাসের আপ্যায়ন বিল পরিশোধ-৩০,০০০/- ৩। জুন /২১ মাসের আনুষঙ্গিক বিল পরিশোধ-৫,০০০/- ৪। জুন /২১ মাসের ইন্টারনেট বিল পরিশোধ ১,০০০/- এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনা শেষে বর্ণিত খরচসমূহ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মহেশপুর ২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা, মহেশপুর
	উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড- ১৯) এর প্রাদুর্ভাব ব্যাপক বৃদ্ধি পাওয়ায় আশংকাজনকভাবে মহেশপুর উপজেলার মানুষ এ ভাইরাসে আক্রান্ত হচ্ছে। আক্রান্ত মানুষের চিকিৎসা প্রদানের জন্য হাসপাতালে প্রয়োজনীয় অক্সিজেন কনসেন্ট্রেশনের মজুদ না থাকায় যথোপযুক্ত চিকিৎসা প্রদান করা সম্ভব হচ্ছে না। জরুরী ভিত্তিতে অক্সিজেন কনসেন্ট্রেশনের প্রয়োজন। উপজেলা স্বাস্থ্য পঃপঃ কর্মকর্তা সভায় আরো জানান যে, (কোভিড-১৯) এ আক্রান্ত মানুষের চিকিৎসা সেবা আরো সুন্দরভাবে করার লক্ষ্যে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য জরুরী ভিত্তিতে ০৩ (তিন) টি অক্সিজেন কনসেন্ট্রেশনের ক্রয়	বিস্তারিত আলোচনান্তে (কোভিড-১৯) এ আক্রান্ত মানুষের চিকিৎসা সেবা আরো সুন্দরভাবে করার লক্ষ্যে উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সের জন্য জরুরী ভিত্তিতে ০৩ (তিন) টি অক্সিজেন কনসেন্ট্রেশনের ক্রয়ের ১,৩২,৬৫০/- টাকার খরচের অনুমোদন এবং অক্সিজেন কনসেন্ট্রেশনের দ্রুত উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে প্রেরণের জন্য সভায় সর্বসম্মতভাবে সিদ্ধান্ত গৃহীত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা, মহেশপুর

		করার জন্য প্রস্তাব করেন। উল্লেখ্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকায় অপ্রত্যাশিত খাত হতে জরুরী প্রয়োজনে খরচের বিধান রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।		
		উপজেলা মূখ্য নির্বাহী কর্মকর্তা সভায় জানান যে, করোনা ভাইরাস (কোভিড-১৯) এ আক্রান্ত হয়ে এ উপজেলায় বেশ কয়েকজন মারা গেছে। করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী ব্যক্তির লাশ দাফন/সৎকারের জন্য ইসলামিক ফাউন্ডেশনের নেতৃত্বে লাশ দাফন/সৎকার কমিটি রয়েছে। উক্ত কমিটি ইতিমধ্যে কয়েকটি লাশ দাফন করেছেন। স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী, লাশ পরিবহন ও দাফন কাজে ব্যয়িত অর্থ উক্ত কমিটিকে প্রদান এবং পরবর্তীতে করোনা ভাইরাসে কেউ আক্রান্ত হয়ে মারা গেলে তাৎক্ষণিক দাফন/সৎকারের জন্য উপজেলা পরিষদের রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা উত্তোলন করা যেতে পারে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে, করোনা আক্রান্ত হয়ে মৃত্যুবরণকারী ব্যক্তির লাশ দাফন/সৎকারের জন্য উপজেলা পরিষদ রাজস্ব তহবিলের অপ্রত্যাশিত খাত হতে ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মহেশপুর, বিনাইদহকে অগ্রিম স্বরূপ ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা প্রদানের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহীত হয়। তিনি ব্যয়িত অর্থের বিল ভাউচার সমন্বয়ের জন্য দাখিল করেবেন।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা ৩। ফিল্ড সুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, মহেশপুর
		উপজেলা পরিষদ কার্যালয়ে ব্যবহৃত প্রিন্টার এবং টোনার অকেজো হওয়ায় জরুরী ভিত্তিতে বিধি মোতাবেক প্রিন্টার এবং টোনার ক্রয় করে উপজেলা পরিষদের রাজস্ব তহবিল হতে ৬৭৭২৫/- (সাতষষ্টি হাজার সাতশত পঁচিশ টাকা) পরিশোধ করা হয়েছে।	বিস্তারিত আলোচনান্তে বর্ণিত খরচ সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা ৩। সংশ্লিষ্ট ক্রয় কমিটি
০২।	পরিষদের বার্ষিক বাজেট বিবরণী, সংশোধিত বাজেট ও বাজেটে অন্তর্ভুক্ত হয়নি এরূপ ব্যয়ের প্রস্তাব	স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় উপজেলা ০১ শাখার প্রজ্ঞাপন মোতাবেক বাজেট প্রণয়ন (১) আইনের ধার ৩৮ এর বিধান সাপেক্ষে পরিষদ প্রতি অর্থ বছর শুরু হবার অন্তত ৬০ (ষাট) দিন পূর্বে উক্ত বছরের আয় ও ব্যয় সম্বলিত বিবরণী, অতপর বাজেট বলিয়া উল্লেখিত ফরম “খ” অনুযায়ী প্রস্তুতকরতঃ ফরম “ক” অনুযায়ী বাজেটের সার সংক্ষেপসহ বিধি-৭ এ উল্লেখিত পরিষদের বিশেষ সভায় অনুমোদনের বিধান রয়েছে। সভায় এ বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	বিস্তারিত আলোচনান্তে ২০২১-২০২২ অর্থ বছরের উপজেলা পরিষদের বার্ষিক বাজেট সভায় সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয়।	১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ২। উপজেলা মূখ্য নির্বাহী, কর্মকর্তা ৩। দপ্তর প্রধানগণ। ৪। ইউপি চেয়ারম্যানবৃন্দ
০৩।	পরিষদের	উপজেলা নির্বাহী কর্মকর্তা সভায় জানান,	পরিষদের বার্ষিক হিসাব	১। চেয়ারম্যান



